শেখাপড়া.COM

# WBSLST বাংলা প্রশ্নপত্র ২০১৬

## নবম-দশম শ্রেণি সহশিক্ষক নিয়োগের পরীক্ষা 2016

## Bengali (IX-X) 2016

1. 'কলিঙ্গে উড়িয়া মেঘ ডাকে উচ্চ নাদ।
..... গণিয়া প্রজা ভাবয়ে বিপদ।।”... শূন্যস্থানে বসবে–
(A) বিপদ
(B) শঙ্কা
(C) ঝটিকা
(D) প্রলয়।

2. মাইকেল মধুসূদন দত্ত রচিত ‘অভিষেক' কাব্যাংশটি 'মেঘনাদবধ কাব্য'-এর কোন সর্গ থেকে গৃহীত
(A) তৃতীয়
(B) দ্বিতীয়
(C) প্রথম
(D) ষষ্ঠ।

3. ‘ব্যথার বাঁশি’ কবিতাটির রচয়িতা-
(A) রবীন্দ্রনাথ ঠাকুর
(B) সত্যেন্দ্রনাথ দত্ত
(C) যতীন্দ্র মোহন বাগচী
(D) জসীমউদ্দিন

4. "My never-failing friends are they" পুস্তককে লক্ষ্য করে বলা এই উক্তির কবি
(A) মিলটন
(B) শেক্সপীয়র
(C) সাদি
(D) বায়রস

5.রবীন্দ্রনাথের শৈশবে তাকে বাড়িতে প্রকৃতি বিজ্ঞান শেখাতে আসলে
(A) হরিনাথ দত্ত
(B) রামকান্ত সেন
(C) সীতানাথ দত্ত
(D) সিতিকন্ঠ শীল

6. রাধারাণীর হাতে যে নূতন কাপড় এনে দিল, সে
(A) রুক্মিণীকুমার
(B) নীলকমল
(C) রামলোচন
(D) পদ্মলোচন।

7.বিষ্ণুপুরের নিকটবর্তী কাকিল্যা গ্রাম থেকে সংগৃহীত পুথিটি কী নামে পরিচিত ?
(A) শ্রীকৃষ্ণবিজয়
(B) শ্রীরাম-পাঁচালী
(C) শ্রীকৃষ্ণকীর্তন
(D) মনসা পুরাণ।

৪. ‘পুরুষ পরীক্ষা’-র রচয়িতা

(A) বিদ্যাপতি,
(B) ভারতচন্দ্র রায়
(D) দীনবন্ধু মিত্র।
(C) গিরিশচন্দ্র ঘোষ

9. কাশীরাম দাসের নিবাস ছিল

(A) বেদগ্রাম-এ
(B) সিঙ্গিগ্রাম-এ
(C) নন্দীগ্রাম-এ
(D) সপ্তগ্রাম-এ

10. জীব গোস্বামী 'কবীন্দ্র' বলে সম্বোধন করেছিলেন
(A) চণ্ডীদাস-কে
(B) বিদ্যাপতি-কে
(C) জ্ঞানদাস-কে
(D) গোবিন্দদাস-কে

11. 'তিনসঙ্গী'-র শেষ গল্প
(A) রবিবার
(B) শেষ কথা
(C) ল্যাবরেটরি
(D) পয়লা নম্বর।

12. 'দেবেন্দ্র-মঙ্গল'-এর রচনাকার।
(A) ভারতচন্দ্র রায়
(B) বিহারীলাল চক্রবর্তী
(D) গোবিন্দ চন্দ্র দাস।
(C) মোহিতলাল মজুমদার

13. 'যোগাযোগ' উপন্যাসের পূর্বনাম ছিল
(A) বিচিত্রা
(B)তিন পুরুষ
(C) কুমুদিনী
(D) করুণা

14. কোন নাটকের মহড়া দেখে মধুসূদনের নাট্যরচনার স্পৃহা জাগে ?

(A) কুলীনকুল সর্বস্ব
(B) ভানুমতী চিত্তবিলাস
(C) রত্নাবলী
(D) ভদ্রার্জুন

15. 'একটি আষাঢ়ে গল্প'-এর নাট্যরূপ
(A) তাসের দেশ
(B) ফাল্গুনী
(C) শারদোৎসব
((D) অরূপ রতন

16.তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত প্রথম ছোটো গল্প
(A) তমসা
(B) পঙ্ককন্যা
(C) বেদেনী
(D) রসকলি

17. 'গৃহদাহ' উপন্যাসের প্রকাশকাল-
(A) 1918 খ্রিঃ
(B) 1920 খ্রিঃ
(C) 1924 খ্রিঃ
(D) 1928খ্রিঃ

18. কোন গ্রন্থটির রচয়িতা কাজী নজরুল ইসলাম ?
(A) স্বর্ণসন্ধ্যা
(B) হোমশিখা
(C) চক্রবাক
(D) নীহারিকা।

19. 'মরাচাঁদ' নাটকের নাট্যকার

(A) তুলসী লাহিড়ী
(B)বিজন ভট্টাচার্য
(C) উৎপল দত্ত
(D) মন্মথ রায়

20. পদ্ম > পদ্দ কোন ধরনের সমীভবন ?
(A) প্রগত
(B) পরাগত
(C) মধ্যগত
(D) কোনোটিই নয়।

21.বিপ্রকর্ষ-এর অন্য নাম-
(A) ব্যঞ্জনাগম
(B) স্বরাগম
(C) স্বরভক্তি
(D) মধ্য স্বরাগম

22. আঁচটা গনগন করছে। এখানে 'গনগন' কীরকম অব্যয়?

(A) পদান্বয়ী
(B) সম্বোধনসূচক
(C) বাক্যালংকার
(D) ধনাত্মক।

23.'মরা লোকে তো কথা কয় না' – কোন বিভক্তি ?
(A) কর্তায় 'এ' বিভক্তি
(B) কর্মে 'এ' বিভক্তি
(C) করণে 'এ' বিভক্তি
(D) অধিকরণে 'এ' বিভক্তি

24. অভিশ্রুতির উদাহরণ
(A) সাধু > সাউথ
(B)গৃহিণী>গিন্নি
(C) বানিয়া > বেনে
(D)পিশাচ> পিচাশ

25. 'গায়ে-পড়া' কোন সমাস?
(A) অলুক বহুব্রীহি
(B) কর্ম তৎপুরুষ
(C) ব্যতিহার বহুব্রীহি
(D) করণ তৎপুরুষ

26. এদের মধ্যে আগন্তুক শব্দ কোনটি ?

(A)তেঁতুল
(B)কলা
(C)ভাঁড়
(D)শঙ্খ

27, 'বেলা যে পড়ে এল জলকে চল' কোন কারক?
(A) কর্ম
(B) করণ
(C) নিমিত্ত
(D) অপাদান

28. 'যার কাজ তাকেই মানায়'- কোন পদ ?
(A) বিশেষ্যের বিশেষণ
(B) সর্বনামীয় বিশেষণ
(C) ক্রিয়ার বিশেষণ
(D) বিধেয় বিশেষণ

29. অবস্থাবাচক বিশেষ্যের উদাহরণ
(A) যৌবন
(B) সভা
(C) শয়ন
(D) দয়া।

30, ' ড'কোন বর্ণ ?
(A) মহাপ্রাণ
(B) অল্পপ্রাণ
(C) উষ্ম বর্ণ
(D) মূর্ধণ্য বর্ণ

31. কৃৎ প্রত্যয়ঘটিত অশুদ্ধ শব্দ কোনটি ?
(A) গ্রহীতা
(B) জাগরুক
(C) নিষ্পত্তি
(D) সিক্ত

32. অধিকরণ তৎপুরুষের দৃষ্টান্ত

(A) ঢেঁকি ছাঁটা
(B) ঘরছাড়া
(C)গৃহবন্দী
(D)চিরসুখ

33. 'বিষ্টু' শব্দটি
(A) তদ্ভব
(B) তৎসম
(C) দেশি
(D) অর্ধ-তৎসম।

34.,√ বিদ + শানচ = ?
(A) বিদ্যমান
(B) বিদ্বান
(C) বিদ্যা
(D) বিদ্বৎ

35. 'চক্ষুদান করা' প্রবাদটির অর্থ
(A) চোখ দেওয়া
(B) নজর দেওয়া
(C) চুরি করা
(D) প্রাণ প্রতিষ্ঠা করা

36. 'বে-টাইম' কোন ধরনের শব্দ ?
(A) লোকনিরুক্তি
(B) ইতর
(c) খণ্ডিত
(D) সংকর শব্দ

37. 'পিপাসা' শব্দের ব্যুৎপত্তি
(A) পিপস + আ
(B) পা + ষ্কিক + অ + আ
(C) পা + সন + অ + আ
(D) কোনোটিই নয়

38. 'তবু আমি অন্যায় যুদ্ধ করি নি' সমাস নির্ণয় করুন:
(A) নঞ তৎপুরুষ
(B) নঞর্থক বহুব্রীহি
(C) অলুক বহুব্রীহি

(D) সম্বন্ধ তৎপুরুষ।

39. 'ভগিনী > ভগ্নী' কিসের উদাহরণ?
(A) বিপ্রকর্ষ
(B) সম্প্রকর্ষ
(C) সমীভবন
(D) স্বরসঙ্গতি

40. 'যে ভ্রমে পতিত হয় ঋতপথ তাহারই প্রাপ্য' – বাক্যটির সরল বাক্যরূপ
(A) যদি ভ্রমে পতিত হইয়া থাকে তবে ঋতপথ তাহারই প্রাপ্য
(B) ভ্রমে পতিতর-ই ঋতপথ প্রাপ্য
(C) ভ্রমে পতিত তবু ক্ষতপথ তাহারই প্রাপ্য
(D) কোনোটিই নয়।

41. 'দ্বারকাধীশ' সমাসবদ্ধ পদটির ব্যাসবাক্য ।
(A) দ্বারকার অধীশ
(B) যিনি দ্বারকা তিনি অধীশ
(C) দ্বারকাকে অধীশ
(D) দ্বারকার ঈশ্বর

42. ও + আ' প্রত্যয়ের একটি দৃষ্টান্ত
(A) নবোঢ়া
(B) সমতা
(C) বাঁচোয়া
(D) যাবনী

43. আলেকজান্ডারের ভারত-আক্রমণের কাহিনি নিয়ে রচিত সৈয়দ আলাওলের গ্রন্থ
(A) তোহফা
(B) পদ্মাবতী
(c) সয়ফুল মুলুক বদিউজজমাল
(D) সেকেন্দারনামা

44. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত একমাত্র শোক-গাথাটির নাম
(A) ব্রজবিলাস
(B) প্রভাবতী সম্ভাষণ
(C) সীতার বনবাস
(D) চরিতাবলী।

45.রবীন্দ্রনাথের লেখা প্রথম নাটকের নাম
(A) রাজা ও রাণী
(B) প্রকৃতির প্রতিশোধ
(C) বাল্মিকি-প্রতিভা
(D) মায়ার খেলা।

46.ভারতচন্দ্রের ‘অন্নদামঙ্গল কাব্যের তিনটি খণ্ডের নাম
(A)অন্নদাপুরাণ - অন্নদামঙ্গল - অন্নদাস্তব
(B) অন্নদামঙ্গল – অনাদিমঙ্গল - অন্নদাস্তব (C)অন্নদামঙ্গল - কালিকামঙ্গল - অন্নপূর্ণামঙ্গল
(D) অন্নপূর্ণামঙ্গল - অনাদিমঙ্গল - অন্নদাপুরাণ

47. মালাধর বসু অনূদিত ভাগবতের স্কন্দগুলি হল ।
(A) দশম - একাদশ
(B) একাদশ-দ্বাদশ
(C) প্রথম - দ্বিতীয়
(D) সপ্তম - অষ্টম।

48. 'চৈতন্যলীলায় ব্যাস' বলে কে বন্দিত ?
(A) কৃষ্ণদাস কবিরাজ
(B) বৃন্দাবন দাস
(C) জয়ানন্দ
(D) গোবিন্দদাস।

49, 'পরশুরাম' কার ছদ্মনাম ?
(A) রাজনারায়ণ বসু
(B) রাজকৃষ্ণ রায়
(C) রাজশেখর বসু
(D) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়।

50. 'কাব্য-পরিমিতি' গ্রন্থের রচয়িতা
(A) বিহারীলাল চক্রবর্তী
(B) মোহিতলাল মজুমদার
(C) যতীন্দ্রমোহন বাগচী
(D) যতীন্দ্রনাথ সেনগুপ্ত।

51. কাশীরাম দাসের পিতার নাম
(A) গদাধর দাস
(B) অভিরাম
(C) কৃষ্ণদাস
(D) কমলাকান্ত

52. শরৎচন্দ্রের প্রথম আত্মপ্রকাশ
(A) 'সাধনা' পত্রিকায়
(B) 'ভারতী' পত্রিকায়
(C) 'প্রবাসী' পত্রিকায়
(D) 'যমুনা' পত্রিকায়।

53. 'মেঘনাদবধ কাব্য'-এর নাট্যরূপ দেন
(A) দ্বিজেন্দ্রলাল রায়
(B) দীনবন্ধু মিত্র
(C) গিরিশচন্দ্র ঘোষ
(D) অমৃতলাল বসু।

54.'দীপালি' কোন ধরনের শব্দ ?
(A) তৎসম
(B) অর্ধতৎসম
(C) তদ্ভব
(D) সংকর।

55. 'কোনি' উপন্যাসে ক্ষিতীশের স্ত্রীর নাম
(A) বিভাবতী
(B) লীলাবতী
(C) প্রভাবতী
(D) কঙ্কাবতী।

WBSLST বাংলা বিষয়ের প্রস্তুতির জন্য online MCQ Practice এর জন্য www.shekhapora.com website টি follow করো।

আগের অন্যান্য বছরগুলির প্রশ্নপত্র ও উত্তরের জন্য এই ওয়েবসাইটে চোখ রাখো ।